যুত এফ জে মারিস সাহেব জিলা সাহাবাদের ডেপুটি কালেকটর হইয়াছেন। এতদ্ভিন্ন তিনি জিলা সারণের তদ্রূপ কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন এবং শ্রীযুত কুইন্টন সাহেবের ছুটি লইয়া গমনোত্তর কিয়ৎকালের নিমিত্ত উভয় জিলারই কার্য্য নির্ব্বাহ করিবার ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত আর এন ফারকার্সন সাহেব জিলা পাটনার ডেপুটি কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত টেলর সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত ই সি রাবেন্স সাহেব অন্য হুকুম না হওনপর্য্যন্ত বর্দ্ধমানের মাজিস্ত্রেট ও কালেকটরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

ঠগ নিবারণার্থ সাধারণ সুপরিন্টেণ্ডেন্টের আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান রামজি ও লুইশ সাহেব যে ঠগেরদিগকে ধৃত করিয়াছেন তাহারদের বিষয় তজবীজকরণার্থ শ্রীযুত জন এফ হাকিন্স সাহেব ঐ দুই সাহেবের তাবৎ এলাকার মধ্যে সেসন জজ হইয়াছেন।

শ্রীযুত বি জে কালবিন সাহেব কটকের দক্ষিণ প্রদেশের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব বর্দ্ধমানের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ডি জে মনি সাহেব মেদিনীপুরের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর হইয়াছেন।

শ্রীযুত ই এচ সি মঙ্কটন সাহেব বাখরগঞ্জের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরের কার্য্য নির্ব্বাহকরণার্থ হুকুম পাইয়াছেন।

শ্রীযুত এফ বি কেম্প সাহেব ভুলুয়ার ঐ ঐ।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে শ্রীযুত বাবু রূপচাঁদ বসু জিলা মালদহের ডেপুটি কালেকটর হইয়াছেন।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২ কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

১৩ সংখ্যক অর্থাৎ বোয়ালিয়া প্রদেশের রেবিনিউ ও দায়েরসায়েরী কমিস্যনর শ্রীযুত সি ডবলিউ ষ্টিয়র সাহেব কর্ম্মের ভারগ্রস্ত থাকিয়াও স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটি পাইয়াছেন।

মেদিনীপুরের উপরি জজ শ্রীযুত আর নিজবেট সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে এক সপ্তাহের ছুটি পাইয়াছেন।

ত্রিপুরার একটিং মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত ডবলিউ এস আলেকজান্দর সাহেব ছুটি পাইয়া বিলাত গমনোদ্যোগে কলিকাতায় আগমন করিতে শ্রীযুত ডবলিউ জে আলেন সাহেবকে স্বীয় কর্ম্মের ভার অর্পণকরণার্থ হুকুম পাইয়াছেন।

ভাগলপুরের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত ই বি আরউইন সাহেব ১৮৩৫ সালের ১৩ অক্তোবর তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটি পাইয়াছেন।

মালদহের একটিং জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত পি জি ই টেলর সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে গত মাসের ১৫ তারিখঅবধি আগামি ১৫ মার্চ তারিখপর্য্যন্ত ছুটি পাইয়াছেন কিন্তু যেপর্য্যন্ত কর্ম্মহইতে মুক্তহইতে না পারেন সেইপর্য্যন্ত মালদহে থাকিতে অনুমত হইয়াছেন।

কটকের দক্ষিণ প্রদেশের একটিং জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত জে কে ইওয়ার্ট সাহেব ইঙ্গলণ্ডে গমনের অনুমতিনিমিত্ত দরখাস্ত করিয়া প্রস্তুতহওনার্থ ছয় সপ্তাহের ছুটি পাইয়াছেন।

আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত টি ডবলিউ বর্ট সাহেব আগামি ১ ফেব্রুআরি তারিখপর্য্যন্ত ত্রিপুরার সিবিলসম্পর্কীয়েরদের চিকিৎসকতা কার্য্যে নিযুক্ত হইতে অনুমতি পাইয়াছেন।

৩০ নবেম্বর।

শ্রীযুত জে এস ফিলিপস সাহেবকে সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুর জিলা ত্রিপুরার বল্দাখাল পরগনার রেবিনিউ সরবেয়রের পদে নিযুক্ত করিয়াছেন।

১ দিসেম্বর।

নীচে লিখিতব্য সাহেব স্বীয় কর্ম্মস্থানহইতে ছুটি পাইয়াছেন।

vice Mr. B. J. Colvin,—officiating, likewise, as Deputy Collector of the same class in Zillah Sarun, and to be permanently vested with the duty in both Districts on the departure of Mr. Quintin on Furlough.

Mr. R. N. Farquharson to officiate in Zillah Patna.

Mr. E. C. Ravenshaw to officiate, until further orders, as Magistrate and Collector of Burdwan, in the room of Mr. Tayler.

Mr. John A. F. Hawkins to be Session Judge throughout the jurisdictions of Captains Ramsay and Lowis, Assistants to the General Superintendent for the Suppression of Thuggee, for the purpose of trying the persons committed by those officers.

Mr. B. J. Colvin to be Joint Magistrate and Deputy Collector of the Southern Division of Cuttack.

Mr. F. Skipwith to be Joint Magistrate and Deputy Collector of Burdwan.

Mr. D. J. Money to be Joint Magistrate and Deputy Collector of Midnapore.

Mr. E. H. C. Monckton has been authorized to exercise the powers of Joint Magistrate and Deputy Collector of Backergunge.

Mr. F. B. Kemp ditto ditto in Bulloo-ah.

Baboo Roopchund Bhose to be Deputy Collector in Zillah Malda, under the provisions of Regulation IX. of 1833.

The following officers have obtained leave of absence from their stations:

Mr. C. W. Steer, Commissioner of Revenue and Circuit of the 13th or Bauleah Division, for one month, on private affairs, retaining at the same time the charge of his office.

Mr. R. P. Nisbet, Additional Judge of Midnapore, for one week, on private affairs.

Mr. W. S. Alexander, officiating Magistrate and Collector of Tipperah has been authorized to make over charge of his office to Mr. W. J. Allen, and proceed to the Presidency, preparatory to his proceeding on Furlough.

Mr. E. V. Irwin, Joint Magistrate and Deputy Collector of Bhaugulpore, for six months, on medical certificate, in extension of the leave granted to him on the 13th October 1835.

Mr. P. G. E. Taylor, officiating Joint Magistrate and Deputy Collector of Malda from the 15th proximo to the 15th March next, on private affairs, but to remain at Malda until relieved.

Mr. J. K. Ewart, officiating Joint Magistrate and Deputy Collector of the Southern Division of Cuttack, for six weeks, preparatory to his applying for permission to proceed to England.

Mr. Assistant Surgeon T. W. Burt has been permitted to continue in charge of the Medical duties of the Civil Station of Tipperah till the 1st of February next.

*30th November.*

The Governor of Bengal has been pleased to appoint Lieutenant J. S. Phillips to the charge of the Revenue Survey of Pergunnah Buldakhul, in Zillah Tipperah.

*1st December.*

The following officer has obtained leave of absence from his station:

কটকের মধ্য প্রদেশের মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত এ জে এম মিলস সাহেবকে কটকের শ্রীযুত কমিস্যনর সাহেব যে ছুটি দেন তদতিরিক্ত তিনি স্বীয় কর্ম্মোপলক্ষে বিশ দিবসের ছুটি পাইয়াছেন।

১৪ নবেম্বর।

হমিরপুরের মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত পিড়কাক সাহেবকে ৪ সংখ্যক অর্থাৎ আলাহাবাদ প্রদেশের শ্রীযুত কমিস্যনর সাহেব তাঁহার নিজ কর্ম্মোপলক্ষে যে ছুটি দেন তাহা মঞ্জুর হইল।

শ্রীযুত আর এন সি হামিল্টন সাহেব দিল্লীর একটিং সিবিল ও সেসন জজের পদে নিযুক্ত হইয়াছেন এবং মিরটের স্বীয় বর্ত্তমান কর্ম্ম জাইন্ট মাজিস্ত্রেটী ও ডেপুটি কালেকটরী ভার জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত টি জে সি প্লোডন সাহেবকে অর্পণার্থ অনুমতি পাইয়াছেন।

সাহরণপুরের একটিং সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত এফ তামসন সাহেব গত ২৩ সেপ্টেম্বর তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটি পাইয়াছেন।

১৫ নবেম্বর।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

দিল্লী রাজ্যের পশ্চিম প্রদেশের একটিং মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত এম আর গবিন্স সাহেব বর্ত্তমান মাসের ১৬ তারিখঅবধি ছয় দিবসের ছুটি পাইয়াছেন।

রোটকের একটিং জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটর শ্রীযুত সি গবিন্স সাহেব বর্ত্তমান মাসের ১৬ তারিখঅবধি ছয় দিবসের ছুটি পাইয়াছেন।

১৬ নবেম্বর।

শ্রীযুত জে মাবর্লি সাহেব মিরটের জাইন্ট মাজিস্ত্রেট ও ডেপুটি কালেকটরের ক্ষমতানুসারে কর্ম্মকরণার্থ হুকুম পাইয়াছেন।

৫ দিসেম্বর।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক কমিস্যনের মেম্বর শ্রীযুত সি এচ কামিরন সাহেব স্বাস্থ্যার্থ উত্তমাশা অন্তরীপে গমনার্থ এবং তদুপলক্ষে দুই বৎসরের নিমিত্ত অনুপস্থানের অনুমতি পাইয়াছেন।

৩০ নবেম্বর।

গবর্ণমেন্টের কলিকাতাস্থ হাসিল কালেকটর শ্রীযুত সি সি হাইড সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সমুদ্রপথে গমনার্থ আঠার মাসের ছুটি পাইয়াছেন। এবং গমনার্থ প্রস্তুত হওননিমিত্ত ১৪ সেপ্টেম্বর তারিখের হুকুমক্রমে শ্রীযুত হাইড সাহেবকে আগামি মাসের ১৯ তারিখঅবধি এক মাসের অতিরিক্ত ছুটিও দেওয়া গিয়াছে।

সুবে বাঙ্গালার শ্রীলশ্রীযুত গবরনর বাহাদুর নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত সি সি হাইড সাহেব চব্বিশপরগনা ও যশোহরের নিমক এজেন্ট হইয়াছেন এই নিয়মে রাজকীয় কর্ম্মহইতে উপরি উক্ত যে অতিরিক্ত ছুটি পাইয়াছেন তাহার অন্যথা হইবে না।

শ্রীযুত হাইড সাহেবের অনুপস্থানপর্য্যন্ত শ্রীযুত ডবলিউ পি পামর সাহেব তৎকার্য্যের ভার গ্রহণ করিয়াছেন।

শ্রীযুত রিচার্ড ওয়াকর সাহেব গবর্ণমেন্টের কলিকাতাস্থ হাসিল কালেকটর হইয়াছেন।

৭ দিসেম্বর।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জর্জ টড সাহেব ইঙ্গলণ্ডহইতে প্রত্যাগত হইয়া কলিকাতা রাজধানীতে পঁহুছেন এমত রিপোর্ট করিয়াছেন। তাঁহার স্বীয় কার্য্যার্থ প্রত্যাগমন বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি স্থির হইল।

২৬ নবেম্বর।

জুডিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্টে উত্তর পশ্চিম প্রদেশের শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবরনর সাহেবের সেক্রেটরী শ্রীযুত সি মাকসুইন সাহেব স্বাস্থ্যার্থে উত্তমাশা অন্তরীপে গমনার্থ দরখাস্তনিমিত্ত কলিকাতা রাজধানীতে আগমনার্থ চিকিৎসকের সর্টিফিকটক্রমে আগামি

Mr. A. J. M. Mills, Magistrate and Collector of the Central Division of Cuttack, for twenty days, on private affairs, in extension of the leave granted to him by the Commissioner of Cuttack.

*14th November.*

The leave of absence granted by the Commissioner of the 4th or Allahabad Division to Mr. H. Pidcock, Magistrate and Collector of Humeerpore, for one month, on his private affairs, is approved.

Mr. R. N. C. Hamilton has been appointed to officiate as Civil and Session Judge of Delhi, and Mr. Hamilton has been desired to make over charge of his present office of officiating Magistrate and Collector of Meerut to Mr. T. J. C. Plowden, the Joint Magistrate and Deputy Collector.

Mr. F. Thompson, officiating Civil Assistant Surgeon of Seharunpore, has obtained leave of absence for three months, on medical certificate, in extension of the leave granted to him on the 26th September last.

*15th November.*

The following officers have obtained leave of absence in extension:

Mr. M. R. Gubbins, officiating Magistrate and Collector of the Western Division Delhi Territory, for six days, from the 16th instant.

Mr. C. Gubbins, officiating Joint Magistrate and Deputy Collector of Rohtuck, for six days, from the 16th instant.

*16th November.*

Mr. J. Maberly is authorized to exercise the powers of Joint Magistrate and Deputy Collector at Meerut.

*5th December.*

Mr. C. H. Cameron, Member of the Indian Law Commission, is permitted to proceed to the Cape of Good Hope for the recovery of his health, and to be absent on that account for a period not exceeding two years.

*30th November.*

Mr. C. C. Hyde, Collector of Government Customs at Calcutta, has obtained leave of absence to proceed to Sea under medical certificate for a period of eighteen months. An extension of the leave granted under orders dated 14th September last, has also been granted to Mr. Hyde for one month, from the 19th proximo, to enable him to prepare for the voyage.

The Right Honourable the Governor of Bengal is pleased to make the following appointments:

Mr. C. C. Hyde to be Salt Agent of the 24-Pergunnahs and Jessore—this appointment not to affect the leave of absence from Official duties extended above.

Mr. W. P. Palmer to remain in charge during the absence of Mr. Hyde.

Mr. Richard Walker to be Collector of Government Customs at Calcutta.

*7th December.*

Mr. George Tod, of the Civil Service, reported his arrival at this Presidency on return from England. His return to the Service dates from the 3d instant.

*26th November.*

Mr. C. Macsween, Secretary to the Lieutenant Governor of the North Western Provinces in the Judicial and Revenue Department, is permitted to be absent on medical certificate for a period of three months, commencing from the 1st proximo, to enable him to proceed to the Presidency preparatory to applying for

মাসের ১ তারিখঅবধি তিন মাসের নিমিত্ত অনুপস্থানের অনুমতি পাইয়াছেন।

শ্রীযুত বুসবি সাহেব জুদিসিয়ল ও রেবিনিউ ডিপার্টমেন্টে শ্রীলশ্রীযুত লেপ্তেনন্ত গবর্নর সাহেবের সেক্রেটরীর কর্ম্মের ভার গ্রহণ করিবেন এবং অন্য হুকুম না হওনপর্য্যন্ত তৎকার্য্য নির্ব্বাহ করিবেন।

মুরাদাবাদের মাজিস্ত্রেট ও কালেকটর শ্রীযুত হেনরি লসিংটন সাহেব এই বৎসরে ছুটি লইয়া বিলাতগমনার্থ অনুমতি পাইয়াছেন।

---

# সমাচার দর্পণ

শনিবার ১০দিসেম্বর ১৮৩৬।

শেষাগত ইউরোপীয় সম্বাদ।

২২ আগস্ত তারিখপর্য্যন্তের ইঙ্গলণ্ডদেশীয় সম্বাদপত্র ডাক পঁহুছনের পূর্ব্বে আন্টোনিয়ো পেরায়রানামক জাহাজের দ্বারা পঁহুছিয়াছে। তাহাতে এই বিশেষ বার্ত্তা প্রকাশ করে যে ২০ আগস্ত তারিখে পার্লিমেণ্টের কার্য্য রহিত হইয়াছে। ঐর্লণ্ডদেশান্তঃপাতি নগরীয় সমাজের আইনবিষয়ে পার্লিমেণ্টের উভয় সভাতে বহুতর বাদানুবাদ হইয়াও কিছু স্থির হয় নাই। ব্রিটিস লিজন অর্থাৎ যে ইঙ্গলণ্ডীয় সৈন্যেরা স্পাইনদেশীয় রাণীর পক্ষে যুদ্ধ করে বেতন না পাওয়াতে তাহারদের মধ্যে অনেক বিসম্বাদ উপস্থিত হইয়াছে। জেনরল সর জে হোফ ও লেপ্তেনন্ত জেনরল এচ আর নাইট এবং এতদ্দেশীয় সিবিলসম্পর্কীয় জি সাণ্ডর্স সাহেব লোকান্তরগত হইয়াছেন।

---

লণ্ডননগরহইতে ৩ আগস্ত তারিখের সম্বাদ বোম্বাইর পথদিয়া পঁহুছিয়াছে তাহাতে হৌস অফ কমন্সে আইরিস চর্চ বিল অর্থাৎ ঐর্লণ্ডদেশীয় মণ্ডলির আইনবিষয়ক গুরুতর বাদানুবাদের শেষবিবরণ আমরা অবগত হইলাম বিশেষতঃ ঐ বিবাদে রাজমন্ত্রিরদের পক্ষে পক্ষান্তরাপেক্ষা ২৯ জন অধিক ছিলেন।

---

লণ্ডননগরস্থ ষ্টাণ্ডর্ডনামক ৩ আগস্ত তারিখের সম্বাদপত্রে লেখে যে শ্রীযুত লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক ও শ্রীযুত হণ্ট ও শ্রীযুত লার্ড সাণ্ডন ও শ্রীযুত সর জন রেরিড ও শ্রীযুত ওয়ালিস ও শ্রীযুত ফরনেলি ও শ্রীযুত মেজর হেড ও শ্রীযুত কলবিন ও অন্যান্য লণ্ডননগরস্থ বাণিজ্যসম্পর্কীয় সাহেব লোকেরা ভারতবর্ষে বাষ্পীয় জাহাজের নিয়ত গমনাগমন হয় এই বিষয় নির্দ্ধার্য্যকরণার্থ শ্রীযুত এস রাইস সাহেবের নিকটে ৩ আগস্ত তারিখে গমন করিলেন। ঐ শ্রীযুত সাহেব উক্ত সাহেবেরদিগকে সমাদরপূর্ব্বক গ্রহণ করিয়া কহিলেন যে ঐ বিষয়ে ভারতবর্ষের শ্রীযুত কোম্পানির সঙ্গে পরামর্শ করিব আমিও তাহাতে নিতান্ত উদ্যোগী হইব।

এইক্ষণে ভারতবর্ষে বাষ্পীয় জাহাজের গমনাগমনের বিলক্ষণ সম্ভাবনা হইয়াছে যেহেতুক লণ্ডননগরস্থ বাণিজ্যসংপৃক্ত প্রায় তাবৎ সাহেব লোকেরা ঐক্য হইয়া তদ্বিষয়ে অত্যন্ত মনোযোগী হইয়াছেন। ভারতবর্ষের কোম্পানির নিকটে ও ইঙ্গলণ্ডদেশের গবর্ণমেণ্টের নিকটে ঐ নিবেদক সাহেবেরা উক্ত বিষয়সিদ্ধার্থ প্রস্তাব করিয়াছেন তাহা অতিউচিত বিষয় অথচ গুরুতর নহে অতএব তাঁহারদের ইষ্টসিদ্ধ হওনের প্রায় কোন সন্দেহ নাই। বাষ্পীয় জাহাজের গমনাগমনীয় যে পথ নির্দ্ধার্য্য হইবে ঐ পথ মিসরদেশদিয়া বোম্বাইপর্য্যন্ত চলিবে।

permission to visit the Cape of Good Hope, for the benefit of his health.

Mr. Bushby will receive charge of the Office of the Secretary to the Lieutenant Governor in the Judicial and Revenue Department, and perform the duties until further orders.

Mr. Henry Lushington, Magistrate and Collector of Moradabad, is permitted to proceed to Europe on Furlough in the course of the present season.

---

# SUMACHAR DURPUN.

SATURDAY, 10TH DECEMBER, 1836.

*Latest European Intelligence.*

English news has arrived to the 22d Aug. from papers "received in advance of the dawk per *Antonio Pereira.*" The most important items are the prorogation of Parliament on the 20th August—a free conference between both Houses on the Irish Municipal Bill, without leading to any arrangement—a mutiny in the British Legion—the deaths of General Sir J. Hope, Lieut. General H. R. Knight, and G. Saunders, Esq. B. C. S.

---

News from London to the 3d August has been received viâ Bombay, which gives us the important results of the debate of the 2d in the House of Commons, on the Irish Church Bill. On this occasion there was a majority of 29 in favour of Ministers.

---

The *Standard* of the 3d of August contains the following:—

'A very numerous deputation, consisting of Lord W. Bentinck, Mr. Hutt, M. P., Lord Sandon, M. P., Sir John Rae Reid, M. P., Mr. Wallace, Mr. Thorneley, M. P., Major Head, Mr. Colvin, and several Merchants of London, had an interview with Mr. S. Rice this morning on the subject of establishing a regular steam navigation to India. The deputation was most courteously received, and the Right Hon. Gentleman stated he would communicate with the East India Company, and that the subject should have his most careful attention.'

'The great question of a regular communication by steam with India is at length about to be taken up in the only effectual manner, and that is, by a combination of nearly all the leading mercantile houses of the metropolis. They have proposed certain propositions to the East India Company and the Government respecting the decree of assistance which they will require from them in this measure, and they are said to be so reasonable and moderate, that little doubt can be entertained of their being acceded to. The line of communication which is adopted is that with Bombay, by the way of Egypt.'—*Cal. Cour.*

শাননামক জাহাজ বুসীরহইতে শনিবারে পঁহুছিয়াছে তদ্দ্বারা ডাকের পুলিন্দা প্রাপণের প্রতীক্ষা ছিল। ঐ পুলিন্দা ও ইউরোপীয় কোন সংবাদ পাওয়া যায় নাই।

হিউলিণ্ডি বাষ্পীয় জাহাজের বিষয়েও শানন জাহাজের দ্বারা প্রায় কোন বার্ত্তা প্রাপ্ত হওয়া যায় নাই। যেহেতুক শানন জাহাজ বুসীরহইতে প্রস্থানকরণের দুই তিন দিবস পূর্ব্বে তথাকার রেসিডেণ্ট সাহেব অতিশীঘ্র ঐ বাষ্পীয় জাহাজারোহণে ঐ অঞ্চলের ক্ষুদ্র২ তটস্থ আরবীয়েরদিগকে দেখিবার নিমিত্ত অপেক্ষিত ছিলেন কিন্তু তৎসময়ে জাহাজ পঁহুছিল না। তথাপি আমরা অপেক্ষা করি ঐ জাহাজ দিসেম্বর মাসের প্রথম সপ্তাহেই এতদ্দেশে পঁহুছিতে পারে।

---

২৮ জুলাই তারিখে লণ্ডননগরস্থ প্রধান বণিক রথ্‌সচাইল্‌ড ফ্রাঙ্ক ফোর্ট আন্দিমেন স্থানে পঞ্চত্ব পাইয়াছেন। তিনি মৃত্যুর পূর্ব্ব দিবসীয় রাত্রে স্বীয় সম্পত্তির উইল করেন কিন্তু ঐ পত্রে যাহা লিখিত হইয়াছে তাহা এইক্ষণে বিশেষরূপে ব্যক্ত হয় নাই কথিত আছে ঐ বণিকের নিজ সম্পত্তি কোটি মুদ্রারো অধিক হইবে। অপর তদীয় শবের সমাধিনিমিত্ত ফ্রাঙ্ক ফোর্টহইতে ব্রুসলসনগরের পথদিয়া লণ্ডননগরে প্রেরিত হইবে।

---

২ আগস্ত তারিখের লণ্ডননগরস্থ কুরিয়রপত্রে লেখে যে বঙ্গদেশহইতে ১৫ মে তারিখের যে পত্র প্রেরিত হয় তাহা ইণ্ডিয়া হৌসে অদ্য প্রাপ্ত হওয়া গিয়াছে ঐ পত্র নিতান্তই হিউলিণ্ডি জাহাজদ্বারা প্রেরিত হইয়া থাকিবে।

---

দুরদৃষ্টক্রমে আস্ত্রিয়ান ইটালিতে ওলাউঠা রোগের এমত প্রাবল্য হইয়াছে যে তত্রস্থ বাণিজ্যাদি ব্যাপার স্থগিতপ্রায়। বেরোণাস্থানে ঐ রোগে প্রতিদিন ন্যূনাধিক ৪০ জন করিয়া মারা পরিতেছে।

দৃষ্ট হইতেছে যে ইটালিস্থ ওলাউঠা রোগ সংহারকই বটে যেহেতুক কোমো নগরে গত মাসের ৭ তারিখে প্রাতঃকালীন সাত ঘণ্টাবধি অপরাহ্ণ চারি ঘণ্টা পর্য্যন্তের মধ্যে যে ঊনিশ জন ঐ রোগাক্রান্ত হয় তাহারা সকলই মারা পড়ে। উক্ত নগরবাসি দুই শত ও ব্রেসিয়ানগরস্থ দুই সহস্র লোক ঐ রোগে উপহত হইয়াছে।

---

ওয়াটর উইচ।

গত মাসের ২৫ তারিখে অত্যন্ত তুফান হওয়াতে ওয়াটর উইচনামক জাহাজ দ্বিতীয়বার ভগ্ন মাস্তুল হইয়া পঁহুছিয়াছে। ভারতবর্ষস্থ সমুদ্রীয় খাল ও চীনদেশস্থ সমুদ্রের মধ্যে গত জুলাই মাসাবধি চারি পাঁচবার অতিশয় তুফান হইয়াছে।

---

চীন দেশ।

চীন দেশহইতে ২৬ অক্তোবর তারিখ পর্য্যন্তের সম্বাদ প্রাপ্ত হওয়া গিয়াছে। তথায় আফীণের গ্রাহকতার কিঞ্চিৎ মান্দ্য হইয়াছে প্রত্যেক সিন্দুক স্পানীয় ৩০ ডালর করিয়া অধিক মূল্যে বিক্রয় হইয়াছে এবং বর্ত্তমান মাসের ১৫ তারিখপর্য্যন্ত আরো মূল্যের চড়তি হওনের সম্ভাবনা। চীনদেশীয় তটে পাটনার প্রত্যেক সিন্দুক আফীন ৭৯০ ডালর এবং বারাণসীর ৮১০ ডালর মূল্যে বিক্রয় হইতেছিল অতএব শেষোক্ত মূল্য বড় আশ্চর্য্যের বিষয়। মাসুল লইয়া আফীণ আমদানীকরণের অনুমতি দেওনের পরওনা বাহির হয় নাই এবং ঐ নিয়ম চলিত হইবে কি না তাহাতেও সন্দেহ আছে। চা ও রেশম জাহাজের দ্বারা আমদানী ও রফ্তানীকরণার্থ কোম্পানির

"The *Shannon* arrived on Sunday from Bushire; but without the packet which was expected by her, and with no European news of any kind.

"With regard to the *Hugh Lindsay*, the *Shannon* brings scarcely any intelligence. She had been expected at Bushire for some days prior to the sailing of the latter, to take the Resident on a tour round the Gulf to visit the petty Arab states on its shores; but had not made her appearance. She may, however, at all events, we believe, be looked for here at the very latest, during the first week in December.

---

The London Rothschild died at Francfort-on-the-Maine on the 28th of July. The evening before his death he made his will, the particulars of which have not transpired; but the private fortune left by this eminent banker is mentioned as amounting to fifty millions of florins. His remains were to be carried from Francfort to London by way of Brussels.

---

The *London Courier* of the 2d August mentions the receipt of despatches on that day at the India house from Bengal, dated the 15th of May, which of course must have been sent by the *Hugh Lindsay.—Cal. Cour.*

---

*Milan, July* 16.—The cholera has unhappily spread over all Austrian Italy, so that trade is nearly in a state of stagnation. At Verona 40 persons die daily.

The cholera seems to be destructive in Italy. In Como, on the 7th ult. nineteen persons were seized between seven o'clock in the morning and four in the afternoon, all of whom died. The disease has carried off two hundred persons in that town. In Brescia two thousand have died.

---

*The Water Witch.*

The *Water Witch* has come in a second time dismasted, having experienced a heavy gale on the 25th ultimo. This is the fourth or fifth heavy gale in the Bay of Bengal and China Seas since the beginning of July.

---

*China.*

"We have accounts from China to the 26th Oct. Opium had been dull but had advanced about Sp. Drs. 30 per chest, and a further rise was expected by the 15th of this month. On the Coast Patna was selling at Sp. Drs. 790 and *Benares Sp. Drs.* 810; the latter is rather extraordinary. The Edict for the admission of Opium upon payment of a duty had not been issued and some doubt existed as to the measure being carried into effect. The sudden and un-

আলিপুর ২ দিসেম্বর।

নিজামত আদালতের আজ্ঞাক্রমে শ্রীযুত জে এফ এম রিড সাহেব ঐ সিরেশতার আনন্দরামনামক এক জন দপ্তরীকে সদর আদালতহইতে বৃহৎ এক বালম রুবকারীর বহী চুরী করণাপরাধে দুই জন সাক্ষিসমেত বিচারস্থলে অর্পণ করেন যদ্যপি এমত দোষ সাব্যস্ত হয় যে চুরী করিয়াছে বটে তবে ঐ ব্যক্তি বিচারিত হওনার্থ শ্রীযুত সেসন জজ সাহেবের নিকটে প্রেরিত হইবে। অতএব জোবানবন্দী লওনসময়ে আনন্দরাম তদ্বিষয় কবুল করিল না কিন্তু দুই জন সাক্ষির সাক্ষ্যেতে তাহা বিলক্ষণ প্রমাণীকৃত হইল। পরে তাহাকে বিচারার্থ অর্পণ করা গেল।

মুরশিদাবাদের নিকট ডাকাইতী।

১৯ নবেম্বর তারিখে এতদ্দেশীয় বাণিজ্যকারী এক ব্যক্তি রামপুর বোয়ালিয়াতে দমন সিংহনামক এক জন বরকন্দাজের অধীনে ৩০০০ টাকা পাঠান। পরে তদ্বিষয়ে সম্বাদ পাওয়া গিয়াছে যে তারিখে ঐ টাকা পাঠান যায় সেই রাত্রেই জিয়াগঞ্জহইতে চারি ক্রোশমাত্র অন্তরে রাণীতলার নিকটে এক দল দস্যু অর্থাৎ পূর্ব্বে ঐ দমন সিংহের সহিত যাহারদের ষড়যন্ত্র ছিল তাহারা উক্ত সিংহের সঙ্গী হইয়া ঐ মুদ্রাবাহকেরদের উপর আক্রমণপূর্ব্বক তাবৎ লুঠিয়া লইল।

দমন সিংহের জন্মস্থান গাজিপুর। কথিত আছে ঐ ডাকাইতী হওনের পূর্ব্বে দমন সিংহ মুদ্রাবাহকেরদিগকে মিষ্টান্ন খাওয়াইয়া অচৈতন্য করিয়াছিল অতএব এই বিষয় সিদ্ধকরণার্থ ঐ মিষ্টান্নে কোন মাদক দ্রব্য মিশ্রিত করিয়া থাকিবে সন্দেহ নাই। আরো কথিত আছে যে মুদ্রাবাহকেরা অচৈতন্যপ্রযুক্ত যখন কোন প্রতিবন্ধকতা করিতে পারিল না তখনই তাহারদিগকে আক্রমণ করিয়াছিল।

জিলা হুগলিস্থ মাজিস্ত্রেট সাহেবের আদালত।

২ দিসেম্বর ১৮৩৬ সাল।

পল্তার খেয়াঘাটের ইজারদার রামলোচন চৌধুরীর এই অপরাধে ৩০ টাকা জরীমানা হয় যে অন্যান্য নাবিকেরা ঐ ঘাটে কতক পল্টন পার করাতে তাহারদের যে কএক জনকে ধরিতে পারিয়াছিলেন তাহারদিগকে মারিপিট করিয়া কএক জনের স্থানে ঘুষ লন এবং কএক জনকে ছাড়িয়া দেন। যে কএক জন বরকন্দাজ ঐ ঘুষের অংশী ছিল তাহারা কর্ম্মচ্যুত হইয়াছে। তদবধি উত্তরকালে এমত অন্যায় না হয় এইনিমিত্ত পল্তার ঘাটে শ্রীযুত মাজিস্ত্রেট সাহেব ইশ্তেহার দিয়া তাহাতে ইঙ্গরেজী ও বঙ্গভাষাতে নীচে লিখিতব্যমত পারের পণ্য লিখিয়া দিয়াছেন যে এতদ্দেশীয় লোকেরদের পার হওয়াতে এক পন ও ইঙ্গরেজের এক পয়সা ছাগ ও মেষের দশ গণ্ডা অশ্বের ছয় আনা টাট্টুর দুই আনা হস্তির তিন টাকা উষ্ট্রের এক টাকা বগি ও ঘোটক এক টাকা দুই ঘোটকের গাড়ি ও ঘোটক দেড় টাকা দুই ঘোটকের কেবল গাড়ি বার আনা কেবল এক বগি দশ আনা টাট্টুসমেত কেরাচি গাড়ির আট আনা গাভির দুই আনা বোঝাইসমেত বলদের তিন আনা গাড়ি ও বলদের বার আনা লাগিবেক।—কলিকাতা কুরিয়র।

ওলাউঠা রোগের ঔষধ।

অল্প কাল হইল শ্রীযুত ডন টুইডি সাহেব ওলাউঠা রোগের এক নূতন ঔষধ প্রাপ্ত হইয়াছেন তদ্বিবরণ এই উক্ত রোগগ্রস্ত ব্যক্তিরদিগকে নারিকেলের তৈল বিলক্ষণরূপে মর্দন করাইলে অত্যন্ত ঘর্ম্ম হইয়া তদ্দ্বারা নিশ্চয়ই আরোগ্য হয়। চন্দননগরের প্রধান মাজিস্ত্রেট শ্রীযুত টিয়র্স সাহেব এমত হুকুম করিয়াছেন যে প্রত্যেক থানাতে এক২ বোতল নারিকেলের তৈল নিয়তই থাকিবে কোন ব্যক্তি ঐ সংহারক রোগগ্রস্ত হইলে তৎক্ষণাৎ ঐ রোগিকে তাহা দিতে হইবে।

*Allipore, 2d December.*

Mr. J. F. M. Reid, under orders of the Nizamut Adawlut, handed up Anundeeram (employed on that establishment for dusting records) with two witnesses, charging him with having stolen a huge volume of roobookarees from the sudder court; and if the examination terminated in the conviction of the delinquent, that he should be committed and forwarded to the Sessions Judge for trial—Anundeeram was examined and denied the charge, but the two witnesses fully proved the charge. He has been committed for trial.—*Engl.*

*Robbery near Moorshedabad.*

On the 19th of Nov. a native merchant entrusted the sum of 3,000 Rs. to the care of a burkundauz named Doomunsing, for conveyance to Rampore Beauleah. Information has been received that, on the very day of despatch a gang of persons (acting in concert with Doomunsing) way laid the party near Ranee Talao, only 4 koss from Jeeagunge, and robbed them of the whole of it,—Doomunsing accompanying the robbers.

Doomunsing is a native of Ghazeepore. It should be added, that previous to the robbery the coolies were stupified from eating sweetmeats given to them by Doomunsing, which doubtless contained some drug for producing such an effect—and that they, consequently, could make no resistance, when attacked.

*Hooghly Zillah Magistrate's Court. December 2, 1836.*

Ramlochun Chowdree, the farmer of the Pultah Ghaut Ferry, was sentenced to pay a fine of 30 Rs. for having pressed every boat which he could lay his hand upon, for crossing some Regiments, having taken bribe from some of the manjees, and dispensed others from contribution. Some burkundauzes who had a share in the transaction were dismissed the service;—whence, for the prevention of future imposition, the Magistrate caused a board to be put up at the Pultah Ghaut with the following superscription in English and Bengalee:—For the passage of a Native one *pun*; a European, one pice; a goat and sheep, ten *gundahs*; a horse, six annas; a pony, two; an elephant, three rupees; a camel, one; a buggy and horse, one; a chariot and two horses, one rupee eight annas; a chariot only twelve annas; a buggy only, ten; a karanchy with tatoos, eight; a cow, two; a bullock with load, three; a cart and bullock, twelve.—*Cal. Cour.*

*Cholera—Cure and Preventive.*

A Mr. John Tweedie has recently made the discovery, that cocoanut oil being well rubbed into the body of a person afflicted with the cholera, has the power, *by causing profuse perspiration*, to effect an almost certain cure.

M. Thiers, the Chief Magistrate of Chandernagore, has issued an order directing all the thannas to be provided with a bottle of the cholera specific, to administer immediately to any individual who might be seized with the destructive malady.

হুকুমচাঁদের মৃত্যু।

গত মাসের ১৭ তারিখে জয়পুরে হুকুমচাঁদের মৃত্যু হয় কিন্তু রোগান্তরে বা আত্মঘাতে হইয়াছে তাহা আমরা অবগত হইতে পারি নাই। পরন্তু যে কারণে হউক তদ্বিষয়ে ব্রিটিস গবর্ণমেণ্টের কিছু খেদ নাই যেহেতুক বিনা বাতেন ভূত্যোগতঃ তাহার মরণেতে গবর্ণমেণ্ট বিষম লেঠাহইতে মুক্ত হইলেন অর্থাৎ তাহাকে প্রাণদণ্ডরূপ দণ্ড বা তৎপরিবর্ত্তে কিঞ্চিল্লঘু দণ্ড করিতে হইত তাহার অপরাধকরণোত্তর এইক্ষণে ১৭ মাস গত হইল অতএব এতকালের পর তাহার প্রাণ দণ্ড করা কি প্রকারে উচিত হইত এবং বিচারেতে প্রাণদণ্ডযোগ্য হইয়া যদি তাহাকে যাবজ্জীবন কয়েদ রাখা যাইত তবে এই সকল বিষয়ের বিচার বিফল হয়। এই বিষয়ে আমারদের এইক্ষণে আর কিছু লিখিতে ইচ্ছা নাই। কিন্তু এই ব্যাপারের বিবেচনা বহুকালপর্য্যন্ত অপূর্ব্বরূপ থাকিবে ইহার তজবীজকরণে যে অনেক বিলম্ব হইয়াছে তাহা শ্রীযুত মেজর আলবিস সাহেবের মনের অস্থিরতাপ্রযুক্ত কি না তাহা আমরা স্থির করিতে পারিলাম না। হইতে পারে যে অকস্মাৎ ঈদৃশ কঠিন ব্যাপারে উপস্থিত হওয়াতে তাঁহার মন দোলায়মান হইয়াছিল এবং হইতে পারে যে এই বিষয়ের যথার্থ বিচার করণার্থই তাঁহার এত বিলম্ব হইয়াছে হইতে পারে উভয় কারণই ছিল যাহা হউক যে কঠিন ব্যাপার উপস্থিত ছিল তাহা এইক্ষণে হুকুমচাঁদের মরণেতে সুগম হইয়া উঠিল। অপর হুকুমচাঁদের সহকারি যোধারামের অপরাধের দণ্ডস্বরূপ জীবনপর্য্যন্ত কয়েদ রাখাতে যথার্থ বিচারের বিরুদ্ধে কিছু হানি হইতে পারে না। অনুমান হয় যে অমরচাঁদ ও শ্যামলাল ও সানু ও মাণিকচাঁদ ঐ ব্যাপারেতে প্রধানাপরাধী তাহারা বিচারানুসারে প্রাণদণ্ড পাইবে যেহেতুক কাল বিলম্ব হওয়াতে যদ্যপি সহকারি ব্যক্তিরদের দণ্ডের কিঞ্চিল্লঘু হয় তথাপি যাহারা আপন হস্তেই হত্যা করিয়াছে তাহারদের গুরুতর দণ্ড পাওয়াই সমুচিত। হুকুমচাঁদ যোধারামের জ্যেষ্ঠ ভ্রাতা বয়ঃক্রম ৪৫ বৎসর হইবে।—আগ্রা আকবর।

শুভান্নপ্রাশনং।

আমরা আপ্যায়িত হইয়া প্রকাশ করিতেছি গত ২১ নবেম্বর সোমবারে শ্রীমন্মহারাজ রাজনারায়ণ বাহাদুরের স্বীয় রাজধানী আন্দুলের বাটীতে উক্ত নৃপাভিনবজাত তনয়ের প্রসিদ্ধ নাম শ্রীলশ্রীযুক্ত কুমার বিজয়মাধব বাহাদুর ইতি রক্ষিত হইয়া শুভান্নপ্রাশন কর্ম্ম যথাবিধি সুসম্পন্ন হইয়াছে প্রথমতঃ এতৎশুভ বার্ত্তা বহু সংখ্যক তোপধ্বনি দ্বারা ইতস্ততঃ স্থানে সুপ্রকাশ করা গেল। এই মাঙ্গলিক কর্ম্মে রাজবাটীস্থ এবং গ্রামস্থ সকলই মহাহ্লাদিত হইলেন ঐ দিবস রাজকোষহইতে বদান্যতাদ্বারা ব্রাহ্মণ পণ্ডিতগণ যথাযোগ্য সম্মানিত এবঞ্চ বহুতর দীন দরিদ্র কাঙ্গালিগণ পরিতুষ্ট হইয়াছেন।

*Death of Hookum Chund.*

Hookum Chund expired at Jeypore, on the evening of the 17th instant. We have not heard if his death occurred naturally, or proceeded from self violence, but whatever may have been the cause, the British Government have little reason to regret an event which has extricated them from a dilemma of the most serious nature—no less than the carrying into effect the capital sentence passed upon this man, or the commutation of it by a minor punishment. The infliction of the former when more than seventeen months have elapsed since the crime for which it was awarded was committed, would be an act at which we might fairly pause, while imprisonment in the face of a capital conviction of this nature, would go far to nullify the entire proceedings on the case. We have no desire, however, to go over the merits of the question as it will in all probability remain unparalleled for an indefinite number of years, nor shall we now attempt to decide whether the delay which took place in the investigation arose from the indecision of Major Alves—the perplexity in which a weak mind becomes entangled on any emergency, or in the desire of that officer to do justice surely if slowly. It may have arisen from one, or both may have led to it. Be that however as it may, the death of Hookum Chund takes away the difficulty of considering the effect of this delay on his punishment; and, indeed, that of his colleague Jootha Ram, who may now be made without any outrage to justice to expiate his crime by perpetual imprisonment. The sentence of death awarded against the principals Ummerchund, Sun Lal, Sanoo and Manikchund, will, we presume, be still carried into effect, for though time may effect the sentence of a mere accomplice, the actual perpetrators of the crime should yet suffer.

Hookum Chund was elder brother of Jootha Ram, and aged about 45 years. —*Agra Ukh. Nov.* 26.

We have great pleasure in announcing, that on the 21st of last November, the infant son of Muharaj Rajnarayun Bahadoor received his name, and for the first time eat rice, at his residence in Andool. His name is Koomar Bijuy Madhub Bahadoor. The usual ceremonies on this joyful occasion were attended to according to the Shastras, and a salute announced the joyful tidings, to the great joy of the inhabitants of the palace and of the town. On that day the Raja's Treasury was opened; numerous Bramhuns and Pundits received presents according to their rank; and vast numbers of the poor and needy received gifts to their full satisfaction.

যদিস্যাৎ এই আনন্দজনক কর্ম্মে নাচ তামাসা বাহুল্যরূপে হইবার সকলের প্রত্যাশা ছিল কিন্তু উক্ত শ্রীমন্মহারাজ শারীরিক অসুস্থ থাকাতে উক্ত ব্যাপার তদানীং স্থগিত আছে সংপ্রতি শ্রীমন্মহারাজ দৈহিকাময়ে আরোগ্য হইয়াছেন এইক্ষণে কিঞ্চিৎ ক্ষীণতা আছে মাত্র। অনুমান করি ত্বরায় স্বরাজকীয় কর্ম্মে মনোযোগী হইতে সুক্ষম হইবেন।

দিল্লী।

গত মাসের সপ্তম দিবসে দিল্লীশ্বরের একাশীতি বৎসর বয়ঃপূর্ণ হইল। এই উৎসবোপলক্ষে ঐ রাজধানীর মধ্যে ঐ দিবস মহানন্দজনক ছিল।

বর্ত্তমান মাসের ৭ তারিখে এক জন বেহারা অষ্টম নবম বর্ষ বয়স্কা এক বালিকাকে গাত্রস্থ রৌপ্যাভরণাপহরণার্থ গলা টিপিয়া হত্যা করিয়াছে। পরে হন্তা ধরা পড়িয়াছে।

এই মাসের ১১ তারিখে তিন জন সৌকার এক তোড়া টাকা লইয়া আপনারদের দোকানহইতে ঘরে যাইতেছিল ইতিমধ্যে তলওয়ার ও যষ্টিধারি এক দল দস্যু আক্রমণপূর্ব্বক তাহারদিগকে কাটিয়া টাকা লুঠ করিল। তৎপ্রযুক্ত অন্য দুই জন বণিক ও এক জন চৌকিদার দস্যুরদিগকে ধৃতকরণের উদ্যোগ করাতে তাহারদিগকেও কাটিয়া দিল্লীর শ্রীমতী বেগমের উদ্যান দিয়া দস্যুরা পলায়ন করিল।

নেপাল।

কোম্পানি বাহাদুরের সঙ্গে নেপালীয় রাজার যে সন্ধিপত্র হয় তাহাতে লিখিত আছে যে উক্ত রাজার সিংহাসনের বিপক্ষ লোক যত উপস্থিত হউক তাহাতে কোম্পানি বাহাদুর সাহায্য করিবেন এইক্ষণে বিপক্ষোত্থানে ঐ প্রতিজ্ঞা প্রতিপালনার্থ ব্রিটিস গবর্ণমেণ্টকে রাজা নিবেদন করিয়াছেন যেহেতুক অতিসাহসিক মর্ত্তাবার সিংহ বহুতর ভয়ঙ্কর সৈন্য লইয়া তাঁহার অত্যন্ত ভয় জন্মাইতেছেন। অতিরাজবিদ্রোহি স্বীয় মনের উৎসাহে এবং কোন বৃগডিয়র সাহেবের পরামর্শে ও কোম্পানি বাহাদুরের পূর্ব্বকার এক জন নায়ক সাহেবের সাহায্যে স্বাভিপ্রায় সিদ্ধ্যার্থ মহাদল সৈন্য সংগ্রহকরত মহোপায় স্থির করিয়াছেন। এবং অতিসতর্কতারূপে এমত সঙ্কল্প করিয়াছেন যে ঐ রাজধানী তিনি বেষ্টন করিবেন এইক্ষণে রাজধানী হইতে পাঁচ দিবসের পথ দূরে থাকিয়া যুদ্ধ ব্যাপার আরম্ভ করিয়াছেন। রাজাও তত্তুল্যোদ্যোগে নগরের দ্বার সকল রুদ্ধ করিতে হুকুম দিয়া স্বীয় সহকারি ব্রিটিস গবর্ণমেণ্টের নিকটে এই বিষয় জ্ঞাপনার্থ ধাবক প্রেরণ করিয়াছেন। —আগ্রা আকবর।

লাহোর।

সংপ্রতি লাহোরে একটা খুন ও চুরী হওয়াতে তত্রস্থ তাবল্লোক মহাগণ্ডগোল করিতেছে কারণ যাহা অপহৃত হইয়াছে সে অধিক। এবং যে ব্যক্তি হত হইয়াছে সে অতিকৃপণতাপ্রযুক্ত বহু সংখ্যক টাকা এমত সঞ্চয় করিয়াছিল যে অতি চতুর চোর ও হত্যাকারিরা তাহার টাকা থাকিতে দিতে পারিল না। অতিবুদ্ধিমান ব্যক্তিরা উক্ত প্রকার ঐ টাকা অপহরণ করিয়া আপনারদিগকে গোপনার্থ একটা অতিবুদ্ধিসাধ্য কার্য্য করে অর্থাৎ ঐ অদাতা ব্যক্তির ঘরঅবধি মহারাজার কিল্লাপর্য্যন্ত একটি২ টাকা রাখিয়া গিয়াছিল তদ্দৃষ্টে মহারাজ মহা ক্রোধী হইয়াছেন যেহেতুক ঐ কার্য্যদ্বারা অনুমান হয় তাঁহার সৈন্যেরাই চুরী করিয়াছে। এবং প্রয়োজনানুসারে ঐ কৃপণ ব্যক্তির টাকা রা

Some expected that on this occasion there would have been nautches and other entertainments; but the indifferent state of the Muharaja's health has caused them to be delayed for the present. We are happy to say that his disease is gone, but his strength has not yet fully returned. We trust, however, he will very soon be able to attend to his duties.—*From a correspondent.*

*Delhi.*

The king completed his eighty-first year on the 7th instant, an event which was duly celebrated at the place.

A girl of eight or nine years of age was strangled by a bearer on the 7th instant, for the silver ornaments on her person. The murderer has been apprehended.

On the evening of the 11th instant, three Soucars returning from their shops with a bag of rupees, were cut down and robbed by a body of men armed with tulwars and latties. Two Buneeas and a Chowkeedar who attempted to apprehend the robbers were also cut down, and the fellows made their escape through a garden belonging to the Queen of Delhi.

*Nepaul.*

The Raja has, it appears, called upon the Company for the fulfilment of that article in their mutual treaty, by which they are to uphold him against all opponents on the throne of Nepaul. This step has been taken in consequence of the menacing appearance of the gallant Murtabar Singh, who is now at the head of a large army which is said to be in a state of the most steady and terror-striking discipline. The genius of the daring rebel, with some hints he received from Brigadier—on his late tour and the assistance of a discharged Naik of the Company's service, have accomplished this great means of success. He contemplates a blockade of the capital, and with the cautiousness which distinguishes him, has commenced a demonstration within nearly five days march of it. The Raja with corresponding activity has ordered the gates to be shut, and sent an express to his British allies on the subject.—*Agra Ukh.*

*Lahore.*

A murder with robbery has just been committed here, which has excited some small interest as the plunder obtained was considerable. The murdered man was a celebrated miser, and had amassed a sum of money, which no respectable body of thieves and murderers could allow to remain in his hands. He was accordingly deprived of it by an active band of that class, who took some very ingenious steps, to screen themselves from detection, viz. dropping a few rupees on the road from the miser's house to the garrison occupied by the Muharaja's troops. This coarse insinuation against the honesty of His Highness' soldiers, combined with the fact of his losing the money which he intended to

জা আপনিও কখন২ লইতে ইচ্ছুক হইতেন। অতএব এইক্ষণে ঠগ ধরিবার ন্যায় যথার্থ দোষিরদিগকে ধৃতকরণার্থ মহানুসন্ধান করিতেছেন।

আগ্রা।

শুনিয়া আমরা অত্যন্ত খেদিত হইলাম যে কিছু দিবস পরে সস্ত্রীক শ্রীযুত মাকসুইন সাহেব স্বাস্থ্যার্থ কেপে গমন করিতে পরামর্শ প্রাপ্ত হইয়াছেন আগামি মাসের প্রথমেই আগ্রাহইতে প্রস্থিত হইবেন। বোধ হইতেছে জুদিসিয়ল ও রেবিনিউ সেক্রেটরীর ভার শ্রীযুত বুসবি সাহেবের প্রতি অর্পিত হইবে।

## বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম।

বর্দ্ধমানের আদালতে রাজস্ব এবং ফৌজদারীসম্পর্কীয়ভিন্ন যত মোকদ্দমা উপস্থিত আছে গত শনিবারের হরকরাপত্রে তাহার এই সংখ্যা প্রকাশ হইয়াছে।

| | |
|---|---|
| নিয়মিত নালিসী মোকদ্দমা | ১১৪০৬ |
| অন্যপ্রকার মোকদ্দমা | ৯৭৯৬ |
| সর্ব্বসুদ্ধ | ২১২০২ |

যদ্যপি অন্যান্য জিলার মোকদ্দমাবিষয়ক সম্বাদ সংগ্রহপূর্ব্বক এইপ্রকার প্রকাশ করা যায় বোধ হয় তবে ভাল হইতে পারে যেহেতু এই সকল বিষয় শ্রবণে অনেকের অভিলাষ আছে এই সম্বাদ প্রকাশে জিলা আদালতের প্রকৃতাবস্থা ব্যক্ত হয় এবং আদালতের কর্ম্ম বিষয়ে কেবল সামান্যাকারে তর্ক করণাপেক্ষা অনেক উপকারও আছে এক বর্দ্ধমান জিলা যাহাতে দুই জন জজ এবং সৈন্য সংখ্যার ন্যায় গণনীয় ভারি এক দল আমলা নিযুক্ত আছেন সেইখানেই যখন ২১২০২ মোকদ্দমা পড়িয়া রহিয়াছে তখন অন্যান্য স্থানে কত মোকদ্দমা উপস্থিত আছে তাহাও অনুভবের গোচর হইতে পারে।—জ্ঞানান্বেষণ।

আমরা শ্রবণে আপ্যায়িত হইলাম যে চিনদেশবাসি দয়াশীল ইঙ্গরেজেরা সেই দেশে এক বৈদ্যক মিসনরি সভা স্থাপনকরণার্থ নিশ্চয় করিয়াছেন ইহার অভিপ্রায় এই যে যাঁহারা বৈদ্যশাস্ত্র ব্যবসায়জন্য তথায় যাইবেন তাঁহারা এই সভাহইতে সাহায্য পাইবেন চীন দেশে এ সকল বিষয় নির্ব্বাহার্থ সভা হইলে যে উপকার আছে তাহাতে সন্দেহ নাই অতএব আমারদিগের নিতান্ত বাসনা ঐ অন্ধকারময় দেশের হিতার্থি লোকেরা এইসকল বিষয় সফলার্থ সাধ্যানুসারে চেষ্টার ন্যূনতা না করেন।—জ্ঞানান্বেষণ।

গোবর্দ্ধনের মেলা।

এবৎসর গোবর্দ্ধনের মেলাতে অনেক লোক আসিয়াছিলেন এবং কর্ম্মও উত্তমরূপ হইয়াছে মথুরার মাজিস্ত্রেট শ্রীযুত টালর সাহেব গোলমাল বারণের যে সকল নিয়ম করিয়াছিলেন তাহাতে কৃতকার্য্য হইয়াছেন খেদের বিষয় এই যে অতিসত্বর হইয়া যাহারা সাধনার্থ মন্দিরের মধ্যে যাইতেছিল তাহারদিগের চরণের নীচে পড়িয়া এক ব্যক্তি প্রাণত্যাগ করিয়াছে কিন্তু ঐ যাত্রিরা সাধনাবিষয়ে এমত উন্মত্ত হইয়াছিল যে এক মনুষ্যকে মাড়িয়া যাইতেছে তাহা জানিতে পারে নাই।—ঐ।

গঙ্গা যমুনার সঙ্গমস্থানে গঙ্গাস্নানের মেলাতে প্রতি বৎসর লোক আসিয়া থাকে এবারেও সেই স্থানে স্নানার্থ ক্ষুদ্র২ যাত্রি দল আসিতেছে ঐ দুই নদীর সঙ্গমস্থানে অন্যান্য বৎসর যেরূপ জল আসিত এ বৎসর তাহার পরিবর্ত্তন হইয়াছে সেইখানে গমনাগমনীয় জলপ্রবাহক প্রণালী একেবারেই শুষ্ক হইয়া গিয়াছে এবৎসর কিল্লাহইতে অনেক দূর দিয়া আসিতে হয় এবং জনরব হইয়াছে এবৎসর অনেক রাজারা তথায় স্নানার্থ আসিবেন। —ঐ।

have had in reversion, has exceedingly troubled the Raja, who is hunting down the guilty parties as if they were a body of Thugs.—*Agra Ukh.*

*Agra.*

We regret much to hear that the station of Agra is in a few days to lose the society of Mr. and Mrs. Macsween. A voyage to the Cape has been recommended to Mr. Macsween, and he will quit Agra early next month. Mr. Bushby takes charge, it is supposed, of the Judicial and Revenue Secretary's office.—*Agra Ukh.*

## Spirit of the Native Papers.

The *Hurkaru* of Saturday publishes the following abstract of causes now pending in the Zillah of Burdwan Courts exclusive of Revenue and Fouzdarry cases:

| | |
|---|---|
| Regular suits | 11,406 |
| Miscellaneous cases | 9,796 |
| Total | 21,202 |

It would be very desirable could similar returns be procured from other stations and published for general information. This would do more to expose the true state of our Courts of justice and eventually to lead to their reform, than all abstract discussions on their general inefficiency and corruption. We may well conceive the amount of judicial business pending in other districts, when in Burdwan, with two judges, and a body of judicial functionaries equal in number to a troop of horse, there are no less than twenty-one thousand two hundred and two undecided causes!—*Gyan.*

We are happy to perceive that several philanthropic European Residents in China have resolved to establish a Medical Missionary Society in that country, the object of which is to afford assistance to those who go out there as medical practitioners. There can be no doubt that such a Society, should it be established, would prove an inestimable blessing to China; and we therefore sincerely trust that those who desire the welfare of that benighted country will not withhold contributing their mite to an object of such extensive benefit.—*Ibid.*

*Goverdhun.*

The fair this year has been unusually attended, and business has been consequently brisk. The exertions of Mr. Tyler, the Magistrate of Muttra, to preserve order, were highly successful. But one accident occurred, that of a man who was trampled to death by the crowd who were hurrying with the most pious fervour to say their prayers at the great Munder, and who were too eager to perform the holy act to think of what they trod on.—*Ibid.*

The pilgrims to the consecrated confluence of the Jumna and Ganges are already beginning to assemble in small numbers for the annual bathing ceremony. The junction of these rivers has completely turned out of the course which it took last year, and, moreover their beds are so much dried up that the distance from the fort is considerably greater than it was then. It is reported that several native princes, accompanied by their retinues, will visit the fair this season.—*Ibid.*

